আটঘরিয়া পৌরসভা নির্বাচনে ভোট গ্রহন চলছে

আটঘরিয়া প্রতিনিধি: ৬ষ্ঠ ও শেষ
ধাপে অনুষ্ঠিত ইউনিয়ন পরিষদ
নির্বাচনে পাবনার দুইটি উপজেলার
১৬ ইউনিয়ন ও আটঘরিয়া উপজেলার
পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত
হচ্ছে।

প্রতিক বরাদ্দের পর থেকেই উৎসবের আমেজ বিরাজ করছিল আটঘরিয়া পৌর এলাকায়। তবে আটঘরিয়া পৌরসভায় বিনাপ্রতিদ্বন্দ্বিতায় মেয়র পদে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী শহিদুল ইসলাম রতন নির্বাচিত হওয়ায় শুধুমাত্র কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। কাউন্সিলর পদে মোট ৩৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে।

আটঘরিয়া পৌরসভার নয়টি ওয়ার্ডের মোট ১০ হাজার ৮৫৪ জন ভোটার ৯টি ভোট কেন্দ্রে তাদের ভোটধিকার প্রয়োগ করবেন। নির্বাচনকে ঘিরে প্রশাসনের পক্ষে থেকে নেওয়া হয়েছে কয়েক স্থরের নিরাপত্তা ব্যবস্থা।